

بَلْ বরং/ অধিকতর/ বরঞ্চ/ তার আগেই/ আরও তাড়াতাড়ি/ ইহায় অপেক্ষা বরং/ বল্লপরিমাণে

সাধারণত যা এর আগে আসে তাকে অকার্যকর করে এবং যা এর পরে আসে তার সত্যতা সমর্থন করে। এর পরে একটি শব্দ অথবা একটি সম্পূর্ণ বাক্য আসতে পারে।

যখন এর পরে বাক্য আসে তখন এটি নীচে বর্ণিত যেকোনো একটি জিনিস করে থাকে:

১) اِنْبَاتَال (অকার্যকর এবং সত্যাপন) [negate and affirm]

২:১১৬ আর ۱۱۶ وَقَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا ۚ سُبْحَانَ اللَّهِ ۗ بَلْ لَّهُ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۗ كُلُّ لَّهُ قَانِتُونَ ۗ তারা বলে -- “আল্লাহ্ একটি ছেলে গ্রহণ করেছেন”। তাঁরই মহিমা হোক! বরং মহাকাশমন্ডলে ও পৃথিবীতে যা-কিছু আছে সে-সব তাঁরই সবাই তাঁর আজ্ঞা পালনকারী।

২:৮৮ আর তারা বলে -- “আমাদের হৃদয় হলো গেলাফ!” বরং, আল্লাহ্ তাদের বঞ্চিত করেছেন তাদের অবিশ্বাসের জন্য। তাই যৎসামান্যই যা তারা বিশ্বাস করে।

২) اِنْتِقَال (বর্ণনা’র প্রবাহে বিষয় পরিবর্তন করে, কিন্তু যা এর আগে আসে তাকে অকার্যকর করে না) [[to change the subject, not negate what came before]]

۱۷ قَدْ أَفْلَحَ مَنْ تَزَكَّى ۚ وَذَكَرَ اسْمَ رَبِّهِ فَصَلَّى ۝ ۱۵ بَلْ تُؤَثِّرُونَ الْحَيَاةَ الدُّنْيَا ۝ ۱۶ وَالْآخِرَةَ خَيْرٌ وَأَبْقَى ۝ ۱۷ ৮৭:১৪-১৭ সে-ই যথার্থ সফলকাম হবে যে নিজেকে পবিত্র করেছে, এবং তার প্রভুর নাম স্মরণ করে, আর সালাত আদায় করেছে। কিন্তু, তোমরা দুনিয়ার জীবনকে প্রাধান্য দাও, অথচ পরকালই বেশি ভাল ও দীর্ঘস্থায়ী।